

পৌর পর্ষদ কার্যালয়  
কাঁচরাপাড়া পৌরসভা  
কাঁচরাপাড়া, উত্তর ২৪ পরগণা


তাং, কাঁচরাপাড়া, ১৭ জানুয়ারি, ২০২৩।

বিজ্ঞপ্তি

আগামী সোমবার, ২৩ জানুয়ারি, ২০২৩ ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের বীর সৈনিক নেতাজী সুভাষ চন্দ্র বসু-র জন্মজয়ন্তী। যথাযথ মর্যাদার সঙ্গে তাঁর জন্মদিন পালনের উদ্দেশ্যে ঐ দিন সকাল ৮.৩০টায় নেতাজী সুভাষ পথস্থিত পৌর কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন-সহ নেতাজী সুভাষ চন্দ্র বসু-র আবক্ষ মূর্তিতে মাল্যার্পণের মাধ্যমে শ্রদ্ধার্ঘ্য নিবেদনের কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

আগামী বৃহস্পতিবার, ২৬ জানুয়ারি, ২০২৩ ভারতবর্ষের প্রজাতন্ত্র দিবস। যথাযথ মর্যাদার সঙ্গে স্বাধীন ও সার্বভৌম ভারতবর্ষের প্রজাতন্ত্র দিবস প্রতিপালনের উদ্দেশ্যে ঐ দিন সকাল ৮.৩০টায় নেতাজী সুভাষ পথস্থিত পৌর কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন-সহ স্বাধীনতা আন্দোলনের বীর সেনানী নেতাজী সুভাষ চন্দ্র বসু-র আবক্ষ মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদনের মাধ্যমে একটি শ্রদ্ধাজ্ঞাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

উভয় অনুষ্ঠানেই যথাসময়ে অংশগ্রহণের জন্য পৌর প্রতিনিধি, পৌর আধিকারিক, পৌর কর্মী-সহ পৌরবাসীকে আমন্ত্রণ জানান হচ্ছে।



(কমল অধিকারী)

পৌরপ্রধান

কাঁচরাপাড়া পৌরসভা

Chairman

Kanchrapara Municipality

24 Parganas (N)